

Times Today BD

সিনিয়র রিপোর্টার | অর্থনীতি | 24 May, 2025

বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দামে টানা চারদিনের পতন ঘটেছে এবং এপ্রিলের পর এবারই প্রথমবারের মতো সাপ্তাহিকভাবে দর কমেছে। ওপেক+ জুলাই মাসে উৎপাদন বাড়ানোর পরিকল্পনা করছে-এমন খবরে বাজারে নতুন করে সরবরাহ-সংক্রান্ত উদ্বেগ তৈরি হওয়ায় এই পতন ঘটেছে বলে মনে করছেন বিশ্লেষকরা। খবর আরব নিউজ

শুক্রবার (২৩ মে) সৌদি আরবের স্থানীয় সময় সকাল ৭টা ১২ মিনিটে, ব্রেন্ট ড্রুডের দাম ব্যারেলপ্রতি নেমে আসে ৬৪.১৩ ডলারে, যা আগের দিনের তুলনায় ৩১ সেন্ট বা ০.৫ শতাংশ কম। একই সময়ে, যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ড্রুডের দাম কমে দাঁড়ায় ৬০.৮৭ ডলার, যা ৩৩ সেন্ট বা ০.৫ শতাংশ পতন। সপ্তাহজুড়ে ব্রেন্টের দরপতন ১.৯ শতাংশ এবং ডব্লিউটিআই-এর ২.৫ শতাংশ।

রুশবার্গের এক প্রতিবেদনে বলা হয়েছে, ওপেক এবং রাশিয়াসহ মিত্র দেশগুলোর জোট ওপেক+ আগামী ১ জুন অনুষ্ঠিতব্য বৈঠকে জুলাই মাসের জন্য দৈনিক ৪.১১ লাখ ব্যারেল উৎপাদন বৃদ্ধির প্রস্তাব বিবেচনায় নিয়েছে। যদিও এখনো চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি, তবুও বাজারে এর প্রভাব পড়তে শুরু করেছে।

বিশ্লেষকদের মতে, বাড়তি সরবরাহের সম্ভাবনা এবং যুক্তরাষ্ট্রে অপরিশোধিত তেলের মজুত বৃদ্ধির তথ্য বাজারে নেতিবাচক প্রভাব ফেলেছে। এর পাশাপাশি ইরানের পারমাণবিক কর্মসূচি ঘিরে উত্তেজনা এবং রাশিয়ার বিরুদ্ধে ইউরোপীয় ইউনিয়ন ও যুক্তরাজ্যের নতুন নিষেধাজ্ঞাও বাজারে অস্থিরতা বাড়িয়েছে।

এদিকে, তেলের চাহিদা স্থির থাকলেও যুক্তরাষ্ট্রে তেল সংরক্ষণের চাহিদা মহামারিকালের মতো বেড়ে যাওয়াও বাজারে আস্থার সংকট তৈরি করছে বলে মনে করছেন বিশ্লেষকরা।

শুক্রবার প্রকাশিত হবে বেকার হিউজের তেল ও গ্যাস রিগ কাউন্ট রিপোর্ট, যা যুক্তরাষ্ট্রে ভবিষ্যৎ তেল উৎপাদনের একটি গুরুত্বপূর্ণ পূর্বাভাস হিসেবে বিবেচিত হয়।

অন্যদিকে, রোমে শুরু হচ্ছে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পঞ্চম দফার পারমাণবিক আলোচনা, যা ইরানি তেল পুনরায় বাজারে আসার পথ খুলে দিতে পারে এবং বিশ্ববাজারে সরবরাহ পরিস্থিতিকে প্রভাবিত করতে পারে।

বিশ্লেষকদের মতে, তেলের বাজারে আসন্ন সরবরাহ বৃদ্ধির আশঙ্কা ও ভূরাজনৈতিক অনিশ্চয়তা আগামী দিনগুলোতেও বাজারকে চাপের মধ্যে রাখতে পারে।

অর্থনীতি ইরাক ইরান যুক্তরাষ্ট্র রাশিয়া সৌদি আরব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:33

URL: <https://www.timestodaybd.com/economy/2847775807>